হালনাগাদকৃত ৩০।০৬।২০২১

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

www.mefwd.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

## ১. ভিশন ও মিশন

ভিশন: সকলের জন্য সাশ্রয়ী ও মানসম্মত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ সেবা নিশ্চিত করা।

মিশন: স্বাস্থ্য শিক্ষা, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে সবার জন্য সাশ্রয়ী, গুণগত মানসম্পন্ন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করা।

## ২. প্রতিশ্রুতি সেবাসমূহ

### ২.১) নাগরিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্মকান্ডের সাথে সম্পৃক্ত চিকিৎসককে বিদেশে উচ্চ শিক্ষা/ প্রশিক্ষণ/ এক্সটারনাল/চাকরি গ্রহণে অনাপত্তি জ্ঞাপন | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমতিক্রমে অনাপত্তি সনদ প্রদান করা হয়। | ১. আবেদনকারীর অফার লেটার<br>২. এমবিবিএস সনদপত্র<br>৩. বিএমডিসি'র সনদপত্র<br>৪. জাতীয় পরিচয়পত্র<br>৫. পাসপোর্টের অনুলিপি<br>৬. প্রশিক্ষণ শেষে দেশে ফিরে আসা সংক্রান্ত অঙ্গীকারনামা (যা আবেদনকারী সরবরাহ করবেন)। | বিনামূল্যে | ১০ কার্যদিবস | মো: রবিউল আলম<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-২ শাখা)<br>ফোন- ৯৫৪০৬৯০<br>ই-মেইল: me2@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২. | বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ অনুমোদন, নবায়ন এবং আসন সংখ্যা নির্ধারণ/বৃদ্ধি | বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০১১ (সংশোধিত) এবং বেসরকারি ডেন্টাল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০০৯ অনুসারে বেসরকারিভাবে মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ স্থাপিত ও পরিচালিত হয়ে থাকে। উক্ত নীতিমালা অনুসারে নির্ধারিত ছকসহ (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে পাওয়া যাবে) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর আবেদন করতে হয় । আবেদন প্রাপ্তির পর নীতিমালায় বর্ণিত কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রদান করা হয়। উক্ত প্রতিবেদন যাচাই-বাছাই অন্তে গৃহীত হলে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নীতিগত অনুমোদন প্রদান করা হয় । নীতিগত অনুমোদন প্রাপ্তির পর নির্ধারিত ফি উদ্যোক্তা কর্তৃক সরকারি কোষাগারে জমা প্রদানের পর শিক্ষা কার্যক্রম চালুর অনুমতি চেয়ে আবেদন করা হয়। আবেদন পাওয়ার পর এ সংক্রান্ত কমিটির পরিদর্শন প্রতিবেদনের সুপারিশক্রমে এবং মাননীয় মন্ত্রী মহোদয়ের | ১. আবেদন পত্র।<br>২. নির্ধারিত ছক (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে পাওয়া যাবে)<br>৩. ১ম পরিদর্শন (নীতিগত অনুমোদন) ফি বাবদ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বরাবর ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার ।<br>৪. ২য় পরিদর্শন (চূড়ান্ত অনুমোদন) ফি বাবদ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য শিক্ষা জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বরাবর ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার। | পরিদর্শন ফি বাবদ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) এর অনুকূলে ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার জমা প্রদান করতে হবে। | ৬০ কার্যদিবস (মাননীয় মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে) | মো: রবিউল আলম<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-২ শাখা)<br>ফোন- ৯৫৪০৬৯০<br>ই-মেইল: me2@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ অনুমোদন, অনুমতির বিষয়টি নিষ্পত্তি করা হয়।<br><br>মেডিকেল/ডেন্টাল কলেজের আসন সংখ্যা নির্ধারণ/বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সুপারিশসহ সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আবেদনের প্রেক্ষিতে এ সংক্রান্ত পরিদর্শন কমিটি কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের প্রেক্ষিতে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আসন নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সেমোতাবেক আসন সংখ্যা নির্ধারণের/বৃদ্ধির বিষয়টি নিষ্পত্তি করা হয়। | ৫. নীতিগত অনুমোদন প্রাপ্তির পর অনুমোদন ফি হিসেবে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।<br>৬. চূড়ান্ত অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন নবায়ন বাবদ প্রতি ০২ (দুই) বছরের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। | অনুমোদন ফি বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।<br><br>নবায়ন ফি বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। | | |
| ৩. | বেসরকারি মেডিকেল এসিসট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) এবং ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), অনুমোদন, নবায়ন এবং আসন সংখ্যা নির্ধারণ/বৃদ্ধি। | বেসরকারি পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০১০ এবং বেসরকারি পর্যায়ে মেডিকেল টেকনোলজি স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০১০ অনুসারে বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) এবং ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) স্থাপিত ও পরিচালিত হয়ে থাকে। উক্ত নীতিমালা | বেসরকারি ম্যাটস ও আইএইচটি স্থাপন ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। | পরিদর্শন ফি বাবদ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) এর | ৪৫ কার্যদিবস (মাননীয় মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে) | মো: রবিউল আলম<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-২ শাখা)<br>ফোন- ৯৫৪০৬৯০<br>ই-মেইল: me2@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | অনুসারে বেসরকারি ম্যাটস ও আইএসটি স্থাপন ও পরিচালনার জন্য নির্ধারিত ছকসহ (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে পাওয়া যাবে) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর নীতিমালায় বর্ণিত কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রদান করা হয় । উক্ত প্রতিবেদন যাচাই-বাছাই অন্তে গৃহীত হলে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদন প্রদানের বিষয়টি নিষ্পত্তি করা হয়। | ১. আবেদন পত্র।<br>২. পরিদর্শন ফি বাবদ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বরাবর ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।<br>৩. নীতিগত অনুমোদন প্রাপ্তির পর অনুমোদন ফি বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত ট্রেজারী চালান।<br>৪. অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন নবায়ন বাবদ প্রতি ০২ (দুই) বছরের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত ট্রেজারি চালান ।<br><br><u>প্রাপ্তিস্থান:</u><br>চিকিৎসা শিক্ষা-২ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | অনুকূলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা প্রদান করতে হবে।<br><br>নীতিগত অনুমোদন প্রাপ্তির পর অনুমোদন/ছাড়পত্র ফি বাবদ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২৭০১-০০০-১-২৬৮১ কোডে সরকারি কোষাগারে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। নবায়ন ফি বাবদ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ কোডে সরকারি কোষাগারে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৪. | হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন, নবায়ন এবং আসন সংখ্যা নির্ধারণ/বৃদ্ধি | বেসরকারি পর্যায়ে হোমিপ্যাথিক মেডিকেল কলেজ (ডিপ্লোমা) পরিচালনার জন্য বেসরকারি পর্যায়ে হোমিপ্যাথিক মেডিকেল কলেজ (ডিপ্লোমা) স্থাপনের নীতিমালা রয়েছে। উক্ত নীতিমালা অনুসারে বেসরকারি পর্যায়ে মেডিকেল কলেজ নির্ধারিত ছকে (বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ডে পাওয়া যাবে) বোর্ডের রেজিষ্টার বরাবর আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর নীতিমালার আলোকে আবেদনপত্রটি যাচাই-বাছাইপূর্বক গ্রহণযোগ্য বিবেচিত হলে বোর্ড কর্তৃক গঠিত কমিটি কর্তৃক প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয় এবং মতামতসহ বোর্ডে প্রতিবেদন প্রেরণ করা হয়। উক্ত প্রতিবেদন যাচাই-বাছাই অন্তে গৃহীত হলে প্রাথমিক অনুমোদন প্রদান করা হয় । প্রাথমিক অনুমোদন পেলে চূড়ান্ত অনুমোদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয় । পরবর্তীতে মন্ত্রী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত অনুমতি প্রদান করা হয়। কলেজসমূহের আসন নির্ধারণ এর ক্ষেত্রেও উল্লিখিত পদ্ধতি অনুসরণ করা হয় । | বেসরকারি পর্যায়ে হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ (ডিপ্লোমা) পরিচালনার জন্য নিম্নেবর্ণিত কাগজ পত্র প্রয়োজন:-<br>১. আবেদন পত্র (নির্ধারিত ছকে)।<br>২. আবেদনপত্রের সাথে আবেদন ফি হিসেবে রেজিষ্টার বরাবর ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ডিডি/পেঅর্ডার (নতুন প্রতিষ্ঠানের অনুমোদনের জন্য)।<br>৩. অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন নবায়ন বাবদ প্রতি বছরের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকাসহ স্বীকৃতি নবায়নের আবেদন বোর্ডের রেজিষ্টার বরাবর দাখিল করতে হবে ।<br><br><u>প্রাপ্তিস্থান:</u><br>বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড | নতুন প্রতিষ্ঠানের স্বীকৃতি/অনুমোদন এর জন্য অনুমোদন ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে বোর্ডের রেজিষ্টার বরাবর জমা প্রদান করতে হবে। অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি/অনুমোদন নবায়ন এর জন্য স্বীকৃতি/অনুমোদন এর জন্য মেয়াদ শেষ হওয়ার পূর্বেই স্বীকৃতি/অনুমোদ নবায়ন ফি বাবদ ৫০০০ (পাঁচ হাজার) টাকা ব্যাংক ড্রাফট /পে-অর্ডার এর মাধ্যমে জমা করতে হবে। | ৪৫ কার্যদিবস (মাননীয় মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে) | মো: রবিউল আলম<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-২ শাখা )<br>ফোন- ৯৫৪০৬৯০<br>ই-মেইল: me2@mefwd.gov.bd |
| ৫. | ইউনানী ও আয়ুর্বেদিকসহ অন্যান্য বিকল্প দেশজ চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন, নবায়ন এবং আসন সংখ্যা নির্ধারণ/বৃদ্ধি । | ইউনানী ও আয়ুর্বেদিকসহ অন্যান্য বিকল্প দেশজ চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য স্নাতক মানের বেসরকারি পর্যায়ে ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১২ | ইউনানী ও আয়ুর্বেদিকসহ অন্যান্য বিকল্প দেশজ চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনার জন্য কাগজপত্রসহ স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। | পরিদর্শন ফি বাবদ বোর্ডের রেজিষ্টার বরাবর ডিপ্লোমা কোর্সের জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকার | ৪৫ কার্যদিবস (মাননীয় মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে) | মো: রবিউল আলম<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা -২ )<br>ফোন- ৯৫৪০৬৯০<br>ই-মেইল: me2@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | এবং ডিপ্লোমা কোর্সের জন্য বেসরকারি পর্যায়ে ইউনানী/আয়ুর্বেদিক কলেজ (ডিপ্লোমা) স্থাপন নীতিমালা রয়েছে। উক্ত নীতিমালা অনুসারে নির্ধারিত ছকসহ (বাংলাদেশ ইউনানী ও আর্য়ুর্বেদিক বোর্ডে পাওয়া যাবে)। রেজিষ্টার, বাংলাদেশ ইউনানী ও আর্বেদিক বোর্ড বরাবর আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর নীতিমালার আলোকে আবেদনপত্রটি যাচাই-বাছাইপূর্বক গ্রহণযোগ্য বিবেচিত হলে বোর্ড কর্তৃক কমিটি গঠনপূর্বক প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন এবং মতামতসহ বোর্ডে প্রতিবেদন প্রেরণ করা হয়। উক্ত প্রতিবেদন যাচাই-বাচাই অন্তে গৃহীত হলে প্রাথমিক অনুমোদন প্রদান করা হয় । প্রাথমিক অনুমোদন পেলে চূড়ান্ত অনুমোদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে বোর্ডের সুপারিশক্রমে ও মাননীয় মন্ত্রীর অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। কলেজসমূহের আসন নির্ধারণ/বৃদ্ধির ক্ষেত্রেও ইতোপূর্বে বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হয় । | ১. আবেদন পত্র<br>২. পরিদর্শন ফি বাবদ ডিপ্লোমা কোর্সের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকার এবং স্নাতক কোর্সের জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।<br>৩. অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুমোদন নবায়নের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।<br><br>প্রাপ্তিস্থান:<br>বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড | এবং স্নাতক কোর্সের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা প্রদান করতে হবে।<br><br>অনুমোদন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন নবায়ন বাবদ প্রতি বছরের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আর্য়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন এর নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে । | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৬. | মেডিকেল/ ডেন্টাল কোর্সে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি<br><br>Admission of foreign students in Medical/ Dental college | বিদেশী ছাত্র-ছাত্রীর আবেদন সংশ্লিষ্ট দেশের বাংলাদেশস্থ দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্তি সাপেক্ষে ভর্তির সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>Decision regarding foreign student's admission take place after getting application through concerned Bangladesh Embassy and Ministry of Foreign Affairs. | ১. সাদা কাগজে আবেদন<br>২. পাসপোর্ট-এর ফটোকপি<br>৩. 'ও' এবং 'এ' লেভেল/সমমান পরীক্ষার সনদপত্র<br>৪. স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক ইক্যুইভ্যালেন্সি সনদ<br><br>প্রাপ্তিস্থানঃ<br><br>চিকিৎসা শিক্ষা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়<br><br>1. Application in plain paper<br>2. Photocopy of Passport<br>3. Certificate of 'O' and 'A' level / equal standard.<br>4. Equivalency certificate from Director General of Medical Education.<br><br>Source of documents:<br><br>Medical Education-1 Section, Medical Education and Family Welfare Division | আবেদন প্রক্রিয়াকরণ ফি- ৭০ মার্কিন ডলার<br><br>Free of cost (Application Form)<br><br>Application Processing fee- 70 USD | ৩০ কার্যদিবস।<br><br>30 working days | মোহাম্মদ আবদুর কাদের<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-১ শাখা)<br>ফোন- ৯৫৪৬২২৫<br>ই-মেইল:<br>medicaleducation2021@gmail.com<br><br>Mohammad Abdul Quader<br>Deputy Secretary (Medical Education-1 Section)<br>Phone: 9546225<br>E-mail:<br>medicaleducation2021@gmail.com |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৭. | বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজ/ ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান স্থাপন ও বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি, ডিপ্লোমা ইন মিডওয়াইফারি এবং কমিউনিটি প্যারামেডিক কোর্স চালুর অনুমোদন। | বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা, ২০০৯, বেসরকারি পর্যায়ে মিডওয়াইফারি প্রতিষ্ঠান স্থাপন ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালুকরণ নীতিমালা, ২০১৪ এবং কমিউনিটি প্যারামেডিক কোর্স পরিচালনা ও স্থাপন সংক্রান্ত নীতিমালা, ২০১৩ অনুযায়ী টেকনিক্যাল/পরিদর্শন কমিটির প্রতিবেদন, নীতি নির্ধারণী কমিটির সুপারিশ/বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্বাহী কমিটির সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজ/ইনস্টিটিউট/প্রতিষ্ঠান স্থাপন এবং নার্সিং কোর্সসমূহ চালুর অনুমোদন প্রদান করা হয়। | ১. নির্ধারিত ছকে আবেদন<br>২. সম্পূর্ণ প্রকল্প প্রস্তাবনা<br>প্রাপ্তিস্থানঃ<br>• নার্সিং শিক্ষা শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।<br>• বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল | বিনামূল্যে | ৬০ কার্যদিবস। | ইশরাত জামান<br>উপসচিব (নার্সিং শিক্ষা শাখা)<br>ফোন- ৯৫৪৬০৫১<br>ই- মেইল: nursedu@mefwd.gov.bd |
| ৮. | পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি | বিদেশী ছাত্র-ছাত্রীর আবেদন সংশ্লিষ্ট দেশের বাংলাদেশস্থ দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্তি সাপেক্ষে বিএসসি ইন নার্সিং ও বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং (পোস্ট বেসিক) কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির ২০১১ সালের নীতিমালা, অনুযায়ী অনুমোদন প্রদান করা হয়। | ১. অনলাইনে ভর্তির আবেদন<br>২. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষার সনদ<br>৩. ডিপ্লোমা ইন নার্সিং সনদ<br>৪. সংশ্লিষ্ট দেশের নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন<br>৫. ০২ বছরের চাকরির অভিজ্ঞতা এবং<br>৬. উপযুক্ত চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদ ।<br>প্রাপ্তিস্থানঃ<br>• নার্সিং শিক্ষা শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ। | বিনামূল্যে | ৩০ কার্যদিবস। | ইশরাত জামান<br>উপসচিব (নার্সিং শিক্ষা শাখা)<br>ফোন- ৯৫৪৬৪৪০<br>ই-মেইল: nursedu@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | Admission of foreign students in post basic BSC nursing course | Decisions regarding foreign student's admission taken after getting application through concerned Bangladesh Embassy and Ministry of Foreign Affairs. | 1. Application in plain paper<br>2. Photocopy of Passport<br>3. Certificate of 'O' and 'A' level /equal standard.<br>4. Diploma Certificate in nursing<br>5. Nursing council registration of concerned country<br>6. 02 (two) years experience certificate<br><br>**<u>Source of documents</u>**:<br>• Nursing Education Section, Medical Education and Family Welfare Division | Free of cost | 30 working days | Deputy Secretary (Nursing Education Section)<br>Phone: 9546051<br>E-mail: nursedu@mefwd.gov.bd |
| ৯. | তথ্য প্রদান | বাংলাদেশের যে কোনো নাগরিক কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদনের ভিত্তিতে তথ্য প্রদান। | ১. তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৩ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন ফরম<br>২. জমাদানকৃত টাকার রশিদ।<br><br><u>প্রাপ্তিস্থান</u>:<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি এবং রশিদের মাধ্যমে জমা প্রদান। | একটি তথ্য ইউনিটের জন্য ২০ (বিশ) কার্যদিবস এবং একাধিক তথ্য ইউনিটের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবস। | মো: আজম খান<br>যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত অধিশাখা)<br>ফোন- ৯৫৪৬৩৭৯<br>মোবাইল: ০১৭১১৫৭৪৪৬৬<br>ইমেইল: azamkhan63@gmail.com<br><u>বিকল্প কর্মকর্তা</u><br>জনাব মোহাম্মদ আব্দুল কাদের<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-১)<br>ফোন- ৯৫৪৬২২৫<br>মোবাইল: ০১৭১৬৭৬৩১১৬<br>ইমেইল: me1@mefwd.gov.bd |

## ২.২) প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | ১০০ কোটি টাকা পর্যন্ত এবং ১০০ কোটি এর অধিক মূল্যের পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রস্তাব অনুমোদন। | ক্রয় প্রস্তাব প্রাপ্তির পর যাচাইপূর্বক ১০০ কোটি টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের প্রস্তাব মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন প্রদান এবং ১০০ কোটি এর অধিক মূল্যের পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ সাপেক্ষে অনুমোদন প্রদান করা হয়। | ১. পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার আহবান থেকে শুরু করে টিইসির সুপারিশ সংক্রান্ত সভার কার্যবিবরণী পর্যন্ত যাবতীয় কাগজপত্র।<br>২. টেন্ডার ডকুমেন্ট।<br>প্রাপ্তিস্থান :<br>• ক্রয় ও সংগ্রহ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা | বিনামূল্যে | মন্ত্রণালয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন হলে ১৫ (পনের) কার্যদিবস;<br>সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণযোগ্য হলে মন্ত্রিপরিষদ বিভাগের পত্র প্রাপ্তির পর ০৭ (সাত) কার্যদিবস | মোহাম্মদ আবদুল আউয়াল<br>উপসচিব **(ক্রয় ও সংগ্রহ-১)**<br>অতিরিক্ত দায়িত্ব **(ক্রয় ও সংগ্রহ-২)**<br>ফোনঃ ৯৫৪০৮৬৪<br>ই-মেইল:<br>procurement2@mefwd.gov.bd |
| ২. | আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের গাড়ি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন। | প্রস্তাব প্রাপ্তির পর অর্থ বিভাগের পূর্বানুমতি গ্রহণপূর্বক ক্রয়ের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। | ১.সংশ্লিষ্ট অপরেশনাল প্ল্যান (ওপি)/ডিপিপিতে ও বার্ষিক প্রকিউরমেন্ট প্ল্যানে গাড়ি ক্রয় অন্তরভুক্তির তথ্য;<br>২.বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অর্থ বরাদ্দের বিভাজনের কপি<br>৩. অর্থ ছাড়ের কপি | বিনামূল্যে | অর্থ বিভাগ থেকে অনুমতি প্রাপ্তির পর ০৭ (সাত) কার্যদিবস | মোহাম্মদ আবদুল আউয়াল<br>উপসচিব **(ক্রয় ও সংগ্রহ-১)**<br>অতিরিক্ত দায়িত্ব **(ক্রয় ও সংগ্রহ-২)**<br>ফোনঃ ৯৫৪০৮৬৪<br>ই-মেইল:<br>procurement2@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | প্রাপ্তিস্থান :<br>• ক্রয় ও সংগ্রহ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা | | | |
| ৩. | Programme Implementation Plan (PIP)/ Operation Plan (OP)/ Development Project Proposal (DPP)/ Technical Project Proposal (TPP) অনুমোদন/ প্রক্রিয়াকরণ | PIP/OP/DPP/TPP এবং প্রকল্প দলিল প্রণয়ন/ সংশোধনপূর্বক মন্ত্রণালয়/ পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়। | ১. PIP ছক<br>২. OP ছক<br>৩. DPP/TPP ছক<br>প্রাপ্তিস্থান :<br>• পরিকল্পনা শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• পরিকল্পনা কমিশন | বিনামূল্যে | পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ সংশোধিত পরিপত্রের নির্দেশিত সময়ানুযায়ী। | মোহাম্মদ আবদুছ সালাম খান যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) ফোন: ৯৫৪৯৬৬৬ ই-মেইল: fw@mefwd.gov.bd |
| ৪. | PIP/OP/DPP/TPP সমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন। | এডিপি পর্যালোচনা সভা, Project Implementation Committee (PIC) এবং Operational Plan Implementation Committee (OPIC)-এর মাধ্যমে প্রকল্প/ওপির অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়। | নির্ধারিত ছকে মাসিক/ ত্রৈ-মাসিক প্রতিবেদন।<br>প্রাপ্তিস্থান :<br>• পরিকল্পনা শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• আইএমইডি<br>• সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা | বিনামূল্যে | পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ সংশোধিত পরিপত্রের নির্দেশিত সময়ানুযায়ী। | মোহাম্মদ আবদুছ সালাম খান যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) ফোন: ৯৫৪ ৯৬৬৬ ই-মেইল: fw@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৫. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের Mid-Term Budgetary Framework প্রণয়ন | নির্ধারিত সময়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন সংস্থার চাহিদা নিরূপণপূর্বক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে অর্থবিভাগ, পরিকল্পনা কমিশন ও অন্যান্য বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয় । | বাজেট বই<br>প্রাপ্তিস্থান :<br>• বাজেট অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• অর্থ বিভাগ | বিনামূল্যে | অর্থ বিভাগের জারিকৃত বাজেট সার্কুলার (১ ও ২) অনুযায়ী । | মো: শহীদুজ্জামান<br>উপসচিব (বাজেট অধিশাখা)<br>ফোন: ৯৫১২২১২<br>ই-মেইল:<br>budget1@mefwd.gov.bd |
| ৬. | এডিপি বরাদ্দ অনুসারে ডিপিপি এবং অপারেশনাল প্ল্যানসমূহের বিভাজন অনুমোদন ও জিওবি/ আরপিএ (জিওবি) খাতের অর্থছাড় । | অর্থ বিভাগ হতে জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা এবং সময় সময় জারিকৃত পরিপত্র মোতাবেক প্রকল্প পরিচালক/লাইন ডাইরেক্টরের নিকট হতে প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে ১ম-৩য় কিস্তি পর্যন্ত অর্থছাড় এবং ৪র্থ কিস্তির অর্থছাড়ের জন্য অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে অর্থছাড় করা হয় । | ১. প্রকল্প দলিল অনুযায়ী অর্থছাড়ের প্রস্তাব ( সংশ্লিষ্ট OP-এর লাইন ডাইরেকটর/ সংশ্লিষ্ট প্রকল্প-এর প্রকল্প পরিচালকের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন শাখায় প্রেরণ)<br>২. প্রকল্প দলিলের ভিত্তিতে যথাযথভাবে পূরণকৃত প্রয়োজনীয় সংলগ্নীসমূহ<br>প্রাপ্তিস্থান :<br>• প্রকল্প বাস্তবায়ন শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• অর্থ বিভাগ<br>• পরিকল্পনা কমিশন<br>• আইএমইডি<br>• সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা | বিনামূল্যে | ১। সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক এ বিভাগে নিষ্পত্তিযোগ্য হলে ১০ কার্যদিবস;<br>২। অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন হলে অনুমোদন পাবার পর ৫ কার্যদি বস) | নাদিরা হায়দার<br>উপসচিব (প্রকল্প বাস্তবায়ন শাখা)<br>ফোন: ৯৫৪০৮৬৪<br>ই-মেইল:<br>pi1@mefwd.gov.bd |
| ৭. | মামলার তারিখ/কজ লিস্ট অনুসন্ধানে বিবিধ বিল পরিশোধ | বিল প্রাপ্তির পর যাচাই বাছাই করে পরিশোধের জন্য বাজেট অধিশাখায় প্রেরণ করা হয়। | বিল ও বিল সংশ্লিষ্ট কাগজপত্র<br>প্রাপ্তিস্থান :<br>• আইন-১ ও আইন-২ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>**(সচিবালয় ক্লিনিক ভবনের ৫ম তলা)** | চুক্তিমূল্য অনুযায়ী এজি চেকের মাধ্যমে পরিশোধিত হয়। | ০৭ কার্যদিবস | মোহাম্মদ কামরুজ্জামান<br>উপসচিব (আইন-১ শাখা)<br>ফোন-৯৫৪৫৬৬৭<br>ই-মেইলঃ<br>dslawmefwd@gmail.com |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৮. | সরকারি মেডিকেল কলেজ ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরতদের শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর | ছুটি মঞ্জুরের আবেদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক সরাসরি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ/ অগ্রায়ন করা হয়।<br>(ডাকেযোগে অথবা ই-মেইলের মাধ্যমে আবেদন অগ্রায়ন করা যেতে পারে।) | ১। আবেদন পত্র;<br>২। ছুটির প্রত্যয়নপত্র | বিনামূল্যে | ১৫ দিন | মল্লিকা খাতুন<br>উপসচিব, পারসোনেল-১ শাখা<br>ফোন: ০২-৯৫৪৬০৫১<br>ইমেইল: per1@mefwd.gov.bd |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | অর্জিত ছুটি/ শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি/আবেদন নিষ্পত্তি করা হয় । | ১. সাদা কাগজে আবেদনপত্র<br>২. নির্ধারিত ফর্ম (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫)<br>৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে)/ হিসাব শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র (নন গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে) ।<br>প্রাপ্তিস্থান:<br>হিসাব শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | বিনামূল্যে | ১। ৭ কার্যদিবস (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে);<br>২। ৫ কার্যদিবস (নন গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে) | মো: সারোয়ার মুর্শেদ চৌধুরী<br>উপসচিব ( প্রশাসন-১ শাখা)<br>ফোন: ৯৫৪৫৮২০<br>ইমেইলঃ admin1@mefwd.gov.bd |
| ২. | ক) বহিঃবাংলাদেশ (অর্জিত/শিক্ষা) ছুটি মঞ্জুর<br>খ) লিয়েন/ লিয়েন বর্ধিতকরণ মঞ্জুর | নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে (সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি সংক্রান্ত আনুষঙ্গিক নির্দেশনা এবং লিয়েন সংক্রান্ত নীতিমালা অনুসরণে) সরকারি আদেশ জারি/আবেদন নিষ্পত্তি করা হয় । | ১. সাদা কাগজে আবেদনপত্র<br>২. নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫)<br>৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন (গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে),<br>৪. ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র (নন গেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে)<br>৫. অফার লেটার<br>৬. লিয়েন শেষে দেশে ফিরে আসার অঙ্গীকারনামা<br>প্রাপ্তিস্থান:<br>হিসাব শাখা ও প্রশাসন-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | বিনামূল্যে | ৭ কার্যদিবস | মো: সারোয়ার মুর্শেদ চৌধুরী<br>উপসচিব (প্রশাসন-১ শাখা )<br>ফোন: ৯৫৪৫৮২০<br>ইমেইলঃ admin1@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩. | স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি অর্জনের জন্য প্রেষণ অনুমোদন। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান হতে আবেদন প্রাপ্তির (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে) প্রেক্ষিতে সংশ্লিষ্ট বিধি বিধান ও দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২০১৩ অনুযায়ী প্রেষণ অনুমোদন/ আবেদন নিষ্পত্তি করা হয়। | ১. সচিব বরাবর সাদা কাগজে আবেদন<br>২. নির্ধারিত ছকে আবেদন<br>৩. প্রেষণ/ শিক্ষা ছুটির জীবন বৃত্তান্ত<br>৪. জীবন বৃত্তান্তের সার-সংক্ষেপ<br>৫. জীবন বৃত্তান্ত<br>৬. পিডিএস<br>৭. প্রেষণ/ শিক্ষা ছুটি সংক্রান্ত প্রস্তাব<br>৮. প্রার্থীত ডিগ্রির ভর্তি পরীক্ষার ফলাফল<br><br>প্রাপ্তিস্থান :<br>• চিকিৎসা শিক্ষা-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | বিনামূল্যে | ১০ কার্যদিবস। | মোহাম্মদ আবদুল কাদির<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-১ শাখা)<br>ফোন- ৯৫৪৬২২৫<br>ই-মেইল:<br>medicaleducation2021@gmail.com |
| ৪. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও আওতাধীন সংস্থার কর্মকর্তাগণের জন্য বিভিন্ন দেশি-বিদেশি ও আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত বিদেশে উচ্চ শিক্ষা, বৃত্তি ও বিভিন্ন ডিগ্রি গ্রহণের জন্য ডেপুটেশন, সরকারি আদেশ ও NOC প্রদান। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর এবং দাতা সংস্থা থেকে প্রাপ্ত প্রস্তাব পাওয়ার পর প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৩/১০/২০১৫ তারিখের ৩১.৩৯.৩২. ০০. ০০. ০১.২০০৯-৯৭ (১৩০) স্মারকের আদেশ মোতাবেক কর্মকর্তাদের বেতন স্কেল অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) সচিব পর্যায়ে, মাননীয় মন্ত্রী পর্যায়ে, এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে এ সংক্রান্ত বিভাগের স্থায়ী বাছাই কমিটির সুপারিশের আলোকে এবং প্রয়োজনে নথিতে উপস্থাপনের মাধ্যমে ডেপুটেশন, সরকারি আদেশ ও NOC প্রদান করা হয়। | ১. সংশ্লিষ্ট অফার লেটার<br>২. যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন পত্র<br>৩. নির্ধারিত ছকে বিগত ১ বছরের বিদেশ ভ্রমণের তথ্য<br>৪. ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে দেশে নির্ধারিত সময়ে প্রর্ত্যাবর্তনের মুচলেকা<br><br>প্রাপ্তিস্থান :<br>প্রশাসন-১ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ। | বিনামূল্যে | ৩-৭ কার্যদিবস | মো: সারোয়ার মুর্শেদ চৌধুরী<br>উপসচিব (প্রশাসন-১ শাখা)<br>ফোন: ৯৫৪৫৮২০<br>ই-মেইল: admin1@mefwd.gov.bd |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৫. | দেশের অভ্যন্তরে সরকারি ও বেসরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতকোত্তর কোর্সে অধ্যায়নের জন্য সরকারি চিকিৎসকদের বিভিন্ন মেয়াদে শিক্ষা ছুটি/বিনা বেতনে অসাধারণ ছুটি অনুমোদন। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থা থেকে প্রস্তাব পাওয়ার পর সরকারি চিকিৎসকদের বিভিন্ন মেয়াদে শিক্ষা ছুটি/বিনা বেতনে অসাধারণ ছুটি অনুমোদন করা হয়। | ১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বরাবর সাদা কাগজে আবেদন<br>২. নির্ধারিত ছকে আবেদন<br>৩. প্রেষণ/ শিক্ষা ছুটির জীবন বৃত্তান্ত<br>৪. জীবন বৃত্তান্তের সার-সংক্ষেপ<br>৫. জীবন বৃত্তান্ত<br>৬. পিডিএস<br>৭. প্রেষণ/ শিক্ষা ছুটি সংক্রান্ত প্রস্তাব<br>৮. এসএসসি, এমবিবিএস, বিএমডিসি সনদ<br>৯. ১৫০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা<br><br>প্রাপ্তিস্থান :<br>চিকিৎসা শিক্ষা-২ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | মো: রবিউল আলম<br>উপসচিব (চিকিৎসা শিক্ষা-২ শাখা)<br>ফোন- ৯৫৪০৬৯০<br>ই-মেইল:me2@mefwd.gov.bd |
| ৬. | পিআরএল মঞ্জুর | পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)এর ১ম শ্রেণির কর্মকর্তার জন্য:<br>১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট এর মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে পিআরএল মঞ্জুর করা হয়। | ১. বর্ণিত কর্মকর্তার চাকরির নিয়োগপত্র<br>২. বর্ণিত কর্মকর্তার প্রথম যোগদানপত্র<br>৩. বর্ণিত কর্মকর্তার চাকরি স্থায়ী/নিয়মিতকরণের প্রজ্ঞাপন<br>৪. বর্ণিত কর্মকর্তার এসএসসি'র সনদপত্র<br>৫. বর্ণিত কর্মকর্তার ইএলপিসি বিবরণী<br>৬. বর্ণিত কর্মকর্তার চাকরির বিবরণী<br>৭. বর্ণিত কর্মকর্তার অবসরের আবেদনপত্র<br><br>প্রাপ্তিস্থান :<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট | বিনামূল্যে | ১৫ কার্যদিবস (শৃংখলা শাখা থেকে শৃঙখলা প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | মোহাম্মদ মোহসীন উদ্দিন<br>উপসচিব (পার-২ শাখা)<br>ফোন-৯৫৪০৬৫৪<br>ই-মেইল: |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | নার্সিং ও মিডয়াইফারি অধিদপ্তর, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল-এর ১ম <u>শ্রেণির কর্মকর্তার জন্য:</u><br>নার্সিং ও মিডয়াইফারি অধিদপ্তর, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃক প্রস্তাব প্রেরণের প্রেক্ষিতে পিআরএল মঞ্জুর করা হয়। | ১. বর্ণিত কর্মকর্তার চাকরির নিয়োগপত্র<br>২. বর্ণিত কর্মকর্তার প্রথম যোগদানপত্র<br>৩. বর্ণিত কর্মকর্তার চাকরি স্থায়ী/নিয়মিতকরণের প্রজ্ঞাপন<br>৪. বর্ণিত কর্মকর্তার এসএসসি'র সনদপত্র<br>৫. বর্ণিত কর্মকর্তার ইএলপিসি বিবরণী<br>৬. বর্ণিত কর্মকর্তার চাকরির বিবরণী<br>৭. বর্ণিত কর্মকর্তার অবসরের আবেদনপত্র<br><u>প্রাপ্তিস্থান</u> :<br>পার-৩ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | | ১৫ কার্যদিবস (শৃঙখলা শাখা থেকে শৃঙখলা প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে) | মোঃ সাজ্জাদ হোসেন ভূঞা<br>উপসচিব (পার-৩ শাখা)<br>ফোন: ৯৫৫৭১88<br>ই-মেইল: per3@mefwd.gov.bd |
| ৭. | পেনশন সেবা | কর্মকর্তা/কর্মচারী কর্তৃক স্ব-স্ব দপ্তর/ সংস্থার মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন প্রক্রিয়া অনুসরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পেনশন মঞ্জুর করা হয়। | ১। পেনশন ফরম<br>২। চাকরির ক্ষেত্রে পদোন্নতি হলে সকল পদোন্নতির আদেশ এর কপি (সকল পদবি উল্লেখপূর্বক)<br>৩। ফটো (সদ্য তোলা এবং সত্যায়িত)<br>৪। ই এল পি সি (হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত/প্রতিস্বাক্ষর)<br>৫। না-দাবী সনদপত্র<br>৬। নমুনা স্বাক্ষর ও ৫(পাঁচ) আঙ্গুলের ছাপ<br>৭। অঙ্গীকারনামা<br>৮। আনুগত্যপত্র<br>৯। প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধীকারী ঘোষণাপত্র (মৃত ব্যক্তির জন্য নয়) | বিনামূল্যে | ১৫ কার্যদিবস | মো: শহীদুজ্জামান<br>উপসচিব (বাজেট অধিশাখা)<br>ফোন: ৯৫১২২১২<br>ই-মেইল: <u>budget1@mefwd.gov.bd</u> |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | ১০। পার্সোনাল ডাটা শীট (পিডিএস)<br>১১। চাকরী বিবরণী (হিসাবরক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত)<br>১২। চাকরি বহি<br>১৩। পেনশন কন্ট্রিবিউশনের টাকা জমার চালান (শুধু বৈদেশিক চাকরির ক্ষেত্রে)<br>১৪। মৃত্যু সনদপত্র (ডাক্তার কর্তৃক প্রদত্ত)<br>১৫। নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)<br>১৬। উত্তরাধীকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (ঐ)<br>১৭। অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলনের ক্ষমতা অর্পণ (মূল কপি)<br>১৮। ভোটার আইডি কার্ডের কপি (স্বামী/স্ত্রীর উভয়ের)<br>১৯। অন্যান্য (প্রযোজ্য হলে) ।<br><br>প্রাপ্তিস্থান:<br>• বাজেট অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা | | | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৮. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর সংশ্লিষ্ট আইন, বিধি, নীতিমালা, বিভিন্ন শাখার প্রজ্ঞাপন, পরিপত্র, সরকারি আদেশ, টেন্ডার, নিয়োগ বিজ্ঞপ্তি, মাননীয় মন্ত্রীর বিভিন্ন কর্মসূচির তথ্য ও ছবি ওয়েব সাইটে আপলোডকরণ। এছাড়াও সেক্টর কর্মসূচি, এপিএ, সিটিজেন চার্টার, স্বাস্থ্য নীতি, বাংলাদেশ জনসংখ্যা নীতি, প্রেষণ নীতিমালার সক্রান্ত তথ্য ওয়েব সাইটে আপলোডকরণ। | সংশ্লিষ্ট ডকুমেন্ট/তথ্যাদি ওয়েবসাইটে আপলোড এবং লিংক করা হয়। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর সংশ্লিষ্ট শাখার অনুলিপি<br><br><u>প্রাপ্তিস্থান</u>:<br><br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর সংশ্লিষ্ট শাখা। | বিনামূল্যে | তাৎক্ষণিক/১ (এক) কার্যদিবস | মোঃ আব্দুল আলীম<br>প্রোগ্রামার<br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>ফোন: ৯৫৫১৪৪২<br>ই-মেইল: sa@mohfw.gov.bd |

### ৩) অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS: Grievances Redress System)

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে অপারগ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | নাম ও পদবি: মো: আজম খান<br>যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত))<br>টেলিফোন: ৯৫৪৬৩৭৯ (অফিস)<br>ই-মেইল: azamkhan63@ gmail.com<br>বিকল্প কর্মকর্তা<br>আবু নূর মো: শামসুজ্জামান<br>যুগ্মসচিব (পার অধিশাখা)<br>টেলিফোন: ৯৫৭৭৯৮০<br>Shamsuzzaman18@gmail.com | ৪৫দিন |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে অপারগ হলে | আপিল কর্মকর্তা | নাম ও পদবি:<br>নীতিশ চন্দ্র সরকার<br>অতিরিক্ত সচিব (জনসংখ্যা পরিবার কল্যাণ ও আইন)<br>টেলিফোন: ৯৫৪৬১২২<br>ই-মেইল: nitishsarkar5500 @ gmail.com | ১ মাস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫ নম্বর গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>ওয়েব: www.grs.gov.bd | ৩ মাস |

### ৪) আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১) | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ২) | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফি পরিশোধ করা |
| ৩) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

মোঃ রবিউল আলম
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোহাম্মদ আবদুল কাদের
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এস, এম. আহসানুল আজিজ
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা

Shabbir Hossain
Additional Secretary
Medical Education & Family Welfare Division
Ministry of Health & Family Welfare
Govt. of the Peopels' Republic of Bangladesh